

## الْمُقْتَدِرِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৭০ তম নাম ‘الْمُقْتَدِرِ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الْمُقْتَدِرِ’ শব্দের মূল ر - د - ق, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৩২ বার এসেছে। নির্ধারিত, পরিমাপ, পূর্বনির্দিষ্ট, পূর্ণক্ষমতার, শক্তিদ্বর, সর্বময় কর্তৃত্ব, সর্বশক্তির উদ্ভাবক ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْمُقْتَدِرِ অর্থ: ‘তিনি শক্তিদ্বর, পূর্ণক্ষমতার মালিক, সর্বশক্তির উদ্ভাবক’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

أَوْ نُرِيَنَّكَ الَّذِي وَعَدْنَاهُمْ فَإِنَّا عَلَيْهِم مُّقْتَدِرُونَ ﴿٤٢﴾

অথবা আমরা তাদেরকে শাস্তির যে ওয়াদা দিয়েছি তা যদি (তোমার জীবনদশাতেই) তোমাকে দেখাই। তাদের উপর আমার পূর্ণক্ষমতার রয়েছে। (সূরা আয যুখরুফ: আয়াত নং ৪২)

كَذَّبُوا بِآيَاتِنَا كُلِّهَا فَأَخَذْنَاهُمْ أُخْذًا عَزِيزٍ مُّقْتَدِرٍ ﴿٤٢﴾

তারা আমাদের সবগুলো নিদর্শনই প্রত্যাখ্যান করেছিল, তখন আমরা তাদের পাকড়াও করি প্রবল শক্তিদ্বরের পাকড়াও। (সূরা আল কামার: আয়াত নং ৪২)

إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّاتٍ وَنَهْرٍ ﴿٥٤﴾ فِي مَقْعَدٍ صِدْقٍ عِنْدَ مَلِيكٍ مُّقْتَدِرٍ ﴿٥٥﴾

নিশ্চয়ই মুত্তাকিরা থাকবে জান্নাত এবং নদ-নদী নহরো যথাযোগ্য আসনে মহাশক্তিদ্বর সর্বময় কর্তৃত্বের মালিকের কাছে। (সূরা আল কামার: আয়াত নং ৫৪, ৫৫)

**তিরমিজি শরীফের হাদিস:**

যদি তোমরা আল্লাহর উপর তাওয়াক্কুল করার হুক আদায় করতে অর্থাৎ সঠিক তাওয়াক্কুল করো, তবে তিনি পাখিকে রিযিক দেওয়ার মতোই তোমাদেরকেও দিতেন, পাখি তো সকালে খালি পেটে বের হয়ে যায় এবং সন্ধ্যায় ভরা পেটে ফিরে আসে।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! প্রবল শক্তিদ্বয় সর্বময় কর্তৃত্বের মালিকের পাকড়াও থেকে নিষ্কৃতি লাভের চেষ্টা করা প্রতিটি মানুষের উচিত। যিনি পূর্নক্ষমতার মালিক তাওয়াক্কুল (ভরসা) শুধু তাঁরই উপর করা যেতে পারে অন্য কারো উপর নয়। অন্য কারো উপর তাওয়াক্কুল (ভরসা) করা শিরক। আল্লাহ আমাদের শিরক মুক্ত জীবন যাপন করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহা।